আজ গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচন চলছে

উৎসাহ উদ্দীপনা ও শান্তিপূর্ণভাবে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আজ বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হচ্ছে। ভোট কেন্দ্রে সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিত উল্লেখ করার মত। তবে, বেলা বাড়ার সাথে সাথে পুরুষ ভোটারদের উপস্থিতিও বাড়তে শুরু করে।
মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)।
হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক বলেন, ভোট কেন্দ্র এবং বাইরে বিপুল পরিমান পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ বলেন, ভোট কেন্দ্র অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

মেহেরপুর মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন ১৩ মে

আগামী ১৩ মে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন অনুষ্ঠিত হবে। একই সঙ্গে সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদেরও নির্বাচন অনুষ্ঠিত হবে।

গত ১৪ মার্চ নির্বাচন কমিশনের আদেশক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(প্রশাসন) রঞ্জিত কুমার দাস স্বাক্ষরিত নির্বাচন তফসিল সংক্রান্ত এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

গণবিজ্ঞপ্তিতে জানা গেছে, আগামী ১৯ মার্চ খসড়া ভোটার তালিকা প্রকাশ, ২২ মার্চের মধ্যে খসড়া তালিকা নিয়ে দাবি, আপত্তি ও সংশোধনীর আবেদন, ২৮ মার্চ খসড়া তালিকা দাবি আপত্তি নিয়ে শুনানী, ২এপ্রিল চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ।

নির্বাচন তফসিল অনুযায়ী, ৫ এপ্রিল বিকাল ৩ টার মধ্যে মনোনয়ন পত্র দাখিল, ৯ এপ্রিল মনোনয়ন পত্র বাছাই, ১১ এপ্রিল প্রার্থীতা বাতিলের বিরুদ্ধে আপিল, ১৩ এপ্রিল আপিল নিস্পত্তি, ১৬ এপ্রিল মনোনয়নপত্র প্রত্যাহার, ১৭ এপ্রিল চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ, ১৮ এপ্রিল প্রতীক বরাদ্দ এবং ১৩ মে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সভাপতি তুষার সাধারণ সম্পাদক জিনারুল

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ৩৪ তম বার্ষিক সাধারণ সভা শেষে কণ্ঠভোটে তুষার আহমেদকে সভাপতি জিনারুল ইসলামকে সাধারণ সম্পাদক

নির্বাচিত করা হয়েছে।

গত বৃহস্পতিবার বিকালে পল্লী বিদ্যুৎ সমিতির হলরুমে নির্বাচিত সদস্যদের কণ্ঠভোটে তাদের কে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়।

সমিতির অন্য সদস্যদের মধ্যে থেকে আব্দুল মান্নানকে সহসভাপতি, ফযজুল্লাহ হককে কোষাধাক্ষ্য পদে নির্বাচিত করা হয়।

এর আগে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি অন্তর্গত মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার অঞ্চলভিত্তিক ১১ সদস্য নির্বাচন হয় ভোটারদের ভোটের মাধ্যমে।

আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পেতে ফরম জমা

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে দলীয় মনোনয়ন পেতে ফরম জমা দিয়েছেন আওয়ামী লীগ, যুবলীগ, সেচ্ছাসেবকলীগের নেতারা। ইতিমধ্যে মনোনয়ন পত্র জমা দিয়েছেন নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীরা।

শনিবার বিকেল পাঁচটার দিকে আইলহাঁস ইউনিয়ন পরিষদ ফুটবল মাঠ প্রাঙ্গনে উপজেলা আওয়ামী লীগের নেতাকর্মীদের নিকট ফরম জমা দেন।

আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে ফরম জমা দিয়েছেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তোফাজ্জেল আলী বিশ্বাস, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম বাদল, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌর কলেজের প্রভাষক হাসিবুল ইসলাম, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল হালিম লাটিম, সাবেক মেম্বার মুহাম্মদ, আফিজ উদ্দিন বিশ্বাস, বিল্লাল গণি, রাসেল।

ফরম জমা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুসা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা আওয়ামী লীগের প্রচার ও প্রচার ও প্রকাশনা সম্পাদক মাসুদ রানা তুহিন, আইলহাঁস ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তোফাজ্জেল হোসেন বিশ্বাস, নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল কুদ্দুস, আইলহাঁস ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আনন্দ, ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াব মালিথা, সাবেক নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি হাফিজুর রহমান হাফিজ মাস্টার প্রমূখ।

আমদহ ইউপি নির্বাচন ১৬ মার্চ

অবশেষে দীর্ঘ প্রতিক্ষার পর মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসীল ঘোষনা করেছে নির্বাচন কমিশন। আগামী ১৬ মার্চ নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঘোষিত তফসীল অনুযায়ী আগামী ১৯ ফেব্রুয়ারি মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ, ২০ ফেব্রুয়ারি বাছাই, ২৭ ফেব্রুয়ারি প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন, ২৮ ফেব্রুয়ারি প্রতীক বরাদ্দের দিন ধার্য করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তীকে রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১১ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও এখনও আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। প্রায় দশ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ

পরিষদের মেয়াদ শেষ হয়। ওই সময় দেশের অন্য পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নির্বাচন হলেও সীমানা জটিলতা দেখিয়ে মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা স্থগিত রাখে নির্বাচন কমিশন। পরে সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলনের মুখে ২০১৭ সালের ২৫ ও ২৩ এপ্রিল আমদহ ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। ২৫ এপ্রিল মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন তখন স্থগিত করা হয়।

জেলা নির্বাচন সূত্রে জানা গেছে, আমদহ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মধ্যে সীমানা নির্ধারণ নিয়ে হাইকোর্টে একটি মামলা বিচারাধিন ছিলো। মামলাটি গতবছরের অক্টোবর মাসে খারিজ করে দেওয়া হলে নির্বাচনী প্রক্রিয়া শুরু হয়।

সাধারণ সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীনের মত বিনিময় সভা

দর্শনা প্রেসক্লাব সাংবাদিকদের সাথে মতবিনিময় করলেন কেরু শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচনে সাধারন সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীন নফর। মঙ্গলবার সন্ধায় দর্শনা প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্টিত হয়।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে সাংবাদিকদে সাথে মতবিনিময় করেন শ্রমিক ইউনিয়নের ২০২৩-২৪ সালের নির্বাচনে সাধারণ সম্পাদক পদপ্রার্থী জয়নাল আবেদীন নফর।

এসময় তিনি বলেন, দেশের বিভিন্ন চিনিকল থেকে শ্রমিক নিয়ে এসে স্থানীয় চুক্তি ভিত্তিক যারা দীর্ঘদিন কাজ করে আসছে তাদেরকে বাদ দিয়ে বিভিন্ন মিল থেকে শ্রমিক নিয়ে এসেছে সিবিএ নেতারা। বর্তমান সম্পাদক মাসুদুর রহমান চুক্তি ভিত্তিক কর্মচারীদের তাদের দিন হাজীরা অথচ তাদেরেক বড় সুবিধা দিয়ে ষাট বছর অর্ডার করে নিয়ে এসেছে হেড অফিস থেকে নিজের সুবিধার জন্য। কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ২ হাজার ৫শত ছিল, কিন্তু বর্তমান

সম্পাদক মাসুদুর রহমান শ্রমিক কুমিয়ে ১ হাজার ২ শত ৬০ জনকে নিয়ে আসেন। কেরু এন্ড কোম্পানি দীর্ঘদিন (বছরের পর বছর) চুক্তি ভিত্তিক আছে তাদেরকে স্থায়ী না করে বর্তমান সিবিএ নেতারা অতিরিক্ত আরো ৩শ ২০ জনকে নিয়োগ দেন।

এসময় জয়নাল আবেদীন নফর আরও বলেন, আমি যদি আগামী নির্বাচনে জয়লাভ করতে পারি তাহলে চুক্তিভিত্তিক যারা আছে তাদেরকে আমি স্থায়ী করার জন্য আমার প্রথম কাজ। মিলে শ্রমিক লাগলে এলাকার যোগ্য ছেলের নেওয়া হবে। আমি এই প্রেসক্লাবে কথা দিচ্ছি আমি জয়লাভ করতে পারলে, যে সমস্ত শ্রমিকদের ছাটাই করা হয়েছে তাদের বর্তমান পরিবার ও সন্তানদের নিয়ে কষ্টে আছে তাদেরকে ফিরিয়ে আনার চেষ্টা করবো।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সহ-সভাপতি অবসরপ্রাপ্ত শ্রমিক ফারুক আহমেদ, অবসরপ্রাপ্ত শ্রমিক আমির হোসেন সিআইসি, ট্রাক চালক সাগর, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক ওসমান আলী, দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি ও প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক নজরুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিকুল, সাংবাদিক সমিতির সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সিনিয়র সাংবাদিক এফএ আলমগীর, মাসুম বিল্লা, হাসমত আলী, মাহমুদুল হাসান রনি, আব্দুর রহমান, ওয়াসিম রয়েল, আবিদ হাসান রিফাত, ফরহাদসহ প্রমুখ।

মেহেরপুরে বিএনপি সমর্থিত আইনজীবী পরিষদের সংখ্যাগরিষ্ঠতা লাভ

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি সমর্থিত জাতীয়তাবাদী আইনজীবী পরিষদ থেকে সভাপতিসহ ১২টি পদে বিজয়ী হয়েছে। সাধারণ সম্পাদকসহ ৩টি পদে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ সমর্থিত বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী ফোরাম থেকে।

সভাপতি পদে বিএনপি সমর্থিত কামরুল ইসলাম ৬১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দী আওয়ামী লীগ সমর্থিত মিয়াজান আলী ৪৮ ভোট পেয়ে পরাজিত হয়েছেন। সাধারণ সম্পাদক পদে আওয়ামী লীগ সমর্থিত খ.ম ইমতিয়াজ বিন হারুন (জুয়েল) ৫৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রার্থী বিএনপি সমর্থিত এ এস এম সাইদুর রাজ্জাক ৫৩ ভোট পেয়ে পরাজিত হয়েছেন।

আজ শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক অ্যাড. বিমল কুমার বিশ্বাস ফলাফল ঘোষনা করেন। এসময় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য অ্যাড. সুজন কুমার মণ্ডল ও শফিউদ্দিন উপস্থিত ছিলেন।

অন্যান্য পদের মধ্যে বিএনপি সমর্থিত সহসভাপতি পদে রফিকুল ইসলাম ৬০ ভোট, হাসান মাহাবুবুর রহমান মুকুল ৫৩ ভোট, যুগ্ম সম্পাদক পদে রফিকুল ইসলাম-২ ৬২ ভোট, কোষাধাক্ষ পদে এহান উদ্দিন মনা ৫৪ ভোট, গ্রন্থাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে সাইফুল ইসলাম সাহেব ৫৯ ভোট, সদস্য পদে মখলেছুর রহমান খান স্বপন ৬৬ ভোট, সেলিম রেজা ৫৫ ভোট, শফিবুল আযম খান বকুল ৬১ ভোট, সেলিম রেজা গাজী ৬০ ভোট, খুরশিদা খাতুন ৫৪ ভোট ও সেলিম রেজা কল্লোল ৬২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

আওয়ামী লীগ সমর্থিত যুগ্ম সম্পাদক পদে কে এম নুরুল ইসলাম রঞ্জু ৫২ ভোট, ফয়সাল নাসরুল্লাহ কনক ৫৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

এদিকে, সকাল ৯টায় নির্বাচন শুরু হয়ে দুপুরে মধ্যহৃ ভোজ ও নামাযের বিরতি দিয়ে বিকাল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। ১৫টি পদের বিপরীতে দুটি প্যানেলে ৩০ জন প্রার্থী প্রতিদ্বন্দীতা করেন। ১২৬ জন ভোটারের মধ্যে ১১১ জন ভোটাধিকার প্রয়োগ করেন। নির্বাচন উপলক্ষে আইনজীবী ভবন প্রাঙ্গনে উৎসবের আমেজ সৃষ্টি হয়।

গাংনী উপজেলা প্রেসক্লাবের

নির্বাচন সম্পন্ন লিংকন সভাপতি, পাভেল সম্পাদক

আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। গতকাল রবিবার (৬ নভেম্বর) বার্ষিক নির্বাচনে এম এ লিংকন সভাপতি ও এমএন পাভেল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচনে সভাপতি পদে এমএ লিংকন পেয়েছেন ৮ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী জুলফিকার আলী কানন পান ৬ ভোট ও অপর প্রার্থী হারুন অর রশিদ রবি পেয়েছেন মাত্র ১ ভোট, সাধারণ সম্পাদক পদে ৯ ভোট পেয়ে এমএন পাভেল নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী লিটন মাহমুদ পান ৬ ভোট।

নির্বাচনে অতিথি ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বাসসের মেহেরপুর প্রতিনিধি দিলরুবা খাতুন, চ্যানেল নাইনের মেহেরপুর প্রতিনিধি আবু নাসের চৌধুরী, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশ, মাজেদুল হক মানিক।

নির্বাচনে তিন সদস্যের নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনের দায়ীত্ব পালন করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ত্ব সিরাজুল ইসলাম। এছাড়া নির্বাচন কমিশন ছিলেন আবুল কাশেম অনুরাগী ও বদরুজ্জামান লাল্টু।

চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী

মঞ্জু বিজয়ী

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান মঞ্জু ৬৩ ভোট বেশি পেয়ে বেসরকারিভাবে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন। সোমবার সকাল জেলার ৪ টি ভোট কেন্দ্রে এ ভোট অনুষ্ঠিত হয়।

সোমবার অনুষ্ঠিত নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী মাহাফুজুর রহমান মুঞ্জ মোটরসাইকেল মার্কায় চুয়াডাঙ্গা সদর উপজেলায় ৫৬, জীবননগর উপজেলায় ৮৬, দামুড়হুদা উপজেলায় ৯০ ও আলমডাঙ্গা উপজেলায় ৯০ ভোটসহ মোট ৩১২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তাঁর নিকটতম প্রতিন্বন্দী চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সাবেক আহ্বায়ক আরিফিন আলম রঞ্জু ঘোটা প্রতিকে চুয়াডাঙ্গা সদর উপজেলায় পেয়েছেন ৬১ ভোট। এ ছাড়া জীবননগর উপজেলায় পেয়েছেন ৩০, দামুড়হুদা উপজেলায় ২৮ ভোট ও আলমডাঙ্গা উপজেলায় ১৩০ সহ সর্বমোট ২৪৯ ভোট পেয়েছেন।

এদিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে ৪ নম্বর ওয়ার্ডে (জীবননগর উপজেলা) সদস্য পদে ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন মোসাবুল ইসলাম লিটন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কবির আহম্মদ পেয়েছেন ৪০। এ ছাড়া সদস্য পদে মিতা খাতুন পেয়েছেন ১৪ ভোট।

সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত ইভিএম-এ এই ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. মেজর আহাম্মেদ বলেন, সুষ্ঠুভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ৪ নম্বর ওয়ার্ডে সদস্য পদে ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন মোসাবুল ইসলাম লিটন।

এদিকে ৩ নম্বর ওয়ার্ডে (দামুড়হুদা উপজেলা) সদস্য পদে ৫৭ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন সিরাজুল ইসলাম। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শফিউল কবির পেয়েছেন ৩৮ ভোট। এ ছাড়া সদস্য পদে লস্কর আলী পেয়েছেন ২৩ ভোট।

এদিকে সংরক্ষিত সদস্য পদে ৩ ও ৪ নম্বর ওয়ার্ডে ৯৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন কহিনুর বেগম। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শিরিনা পারভিন পেয়েছেন ৮৬ ভোট।

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে ৭ প্রার্থীর মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে সাধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্য ৭ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক সংরক্ষিত নারী সদস্য সাহানা ইসলাম শান্তনা, সাবেক সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, মোখলেছুর রহমান, আব্দুর রশিদ, সাবেক প্যানেল চেয়ারম্যান নার্গিস সুলতানা, সাবেক সদস্য সামিউন বাসিরা পলি, গাংনী উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান সেলিনা মমতাজ কাকলি।

বুধবার (১৪ সেপ্টেম্বর) দুপুরের দিকে জেলা পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার এর নিকট মনোনয়নপত্র জমা দেন তারা।

গতকাল বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) মনোনয়নপত্র জমাদানের শেষ দিন।